**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।**

**(কাস্টমস)**

**সাধারণ আদেশ**

নথি নং ০৮.০১.০০০০.০০০.০৫৩.০১.০০০৪.২৬.(অংশ-২)/২১৭ তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয় : আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিভিন্ন উৎস হতে প্রাপ্ত মূল্যের ভিত্তিতে কাস্টমস মূল্য (Assessable Value) নির্ধারণ সংক্রান্ত আদেশ।**

আমদানিকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৭ এবং শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুযায়ী আমদানিকৃত পণ্যের শুল্কায়ন মূল্য নিরুপনের বাধ্যবাধকতা রয়েছে। তা সত্ত্বেও মাঠ পর্যায়ে প্রায়শই বিভিন্ন পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণে জটিলতা তৈরি হয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। এপ্রেক্ষিতে, শুল্কায়নযোগ্য মূল্য নিরূপনের ক্ষেত্রে অহেতুক জটিলতা এড়ানো এবং বাণিজ্য সহজীকরণের স্বার্থে আমদানিকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরুপণের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো, যথা:-

(ক) কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৭ এবং শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের দাখিলকৃত মূল্য সংক্রান্ত দলিলাদিতে (প্রোফর্মা ইনভয়েস, ইনভয়েস, সেলস কন্ট্রাক্ট, এলসি, ইত্যাদি) উল্লিখিত পণ্যের মূল্য সংক্রান্ত তথ্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূল্য সংক্রান্ত নিরপেক্ষ প্রকাশনা বা ওয়েবসাইট বা বিভিন্ন জার্নাল [যেমনঃ S&P Global Platts, Independent Commodity Intelligence Services (ICIS), London Metal Exchange (LME), Shanghai Metals Market (SMM), Bloomberg, International Sugar Organization (ISO)] প্রভৃতি হতে সংগৃহীত তথ্যের সাথে সামঞ্জস্য পাওয়া গেলে এবং আমদানিকারক কর্তৃক ঘোষিত মূল্য প্রকৃতপক্ষে পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্য নয় এরূপ সুনির্দিষ্ট তথ্য প্রমাণ বা যুক্তিসঙ্গাত কারণ না থাকলে আমদানিকারক কর্তৃক ঘোষিত মূল্যকে শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ৪ এ বর্ণিত বিনিময় মূল্য (Transaction Value) হিসেবে গ্রহণ করা যাবে;

তবে শর্ত থাকে যে, এরূপ আন্তর্জাতিক স্বীকৃত উৎস হতে মূল্য গ্রহণের ক্ষেত্রে শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ২ (গগ) অনুযায়ী মুল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য আমদানির সময়ের (Time of Importation) অর্থাৎ পণ্য ঘোষণার ৯০ (নব্বই) দিন পূর্ব পর্যন্ত সময়ের মধ্যে সম্পাদিত প্রোফরমা ইনভয়েসের তারিখের মূল্যকে বিবেচনা করতে হবে।

২। আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের দাখিলকৃত মূল্য সংক্রান্ত দলিলাদিতে উল্লিখিত পণ্যের মূল্য সংক্রান্ত তথ্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূল্য সংক্রান্ত নিরপেক্ষ প্রকাশনা বা ওয়েবসাইট বা বিভিন্ন জার্নাল হতে সংগৃহীত তথ্যের সাথে সামঞ্জস্য পাওয়া সত্ত্বেও তা শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ৪ এ বর্ণিত বিনিময় মূল্য (Transaction Value) হিসেবে অর্থাৎ প্রকৃতপক্ষে পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্য হিসেবে শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক গ্রহণ করা না হলে তার কারণ সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত ও প্রমাণাদিসহ লিখিতভাবে উপস্থাপন পূর্বক কাস্টমস মূল্যের বিষয়ে ন্যূনতম অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর পদমর্যাদার নিম্নে নহেন এমন কোনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে।

৩। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৭ এর উপ-ধারা (৫) অনুযায়ী কোনো পণ্যের উপর কাস্টমস শুল্ক আরোপের জন্য প্রজ্ঞাপন দ্বারা ন্যূনতম মূল্য নির্ধারণ করা হলে উক্ত পণ্য এইরূপ ন্যূনতম মূল্যের কম মূল্যে শুল্কায়ন করা যাবে না।

৪। আমদানিকৃত পণ্যের ঘোষিত মূল্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত উৎস হতে প্রাপ্ত মূল্যের অধিক হলে কিংবা প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত ন্যূনতম মূল্যের অধিক হলে পণ্যের ঘোষিত মূল্যে শুল্কায়ন করতে হবে।

৫। এই আদেশ কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এর ক্ষমতা বলে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

মোঃ তারেক হাসান
প্রথম সচিব (কাস্টমস: নীতি ও আইসিটি)।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।

২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৩। কমিশনার, কাস্টমস, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/ খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা/গাজীপুর/ময়মনসিংহ/বরিশাল/নারায়নগঞ্জ।

৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮ (সরকারি গেজেটে মুদ্রণের ব্যবস্থা গ্রহণের জন্য)।